

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রোকেয়া হল চত্বরে শহীদদের স্মরণে নির্মিত স্মৃতিফলক উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান গতকাল সোমবার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ফলক উদ্বোধন করেন। এ সময় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক নিজামুল হক ভূঁইয়া, রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক জিনাত হুদাসহ হলের আবাসিক শিক্ষক ও শহীদ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপাচার্য আখতারুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা। পাকিস্তানি হানাদার বাহিনী ঢাকা বিশ্ববিদ্যালয়কে টার্গেট করে ১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে বিভিন্ন আবাসিক হলে গণহত্যা চালায়। তাদের নৃশংসতা থেকে শিশুরাও রেহাই পায়নি। এসব শহীদদের আত্মত্যাগের বিনিময়ে আমরা স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ পেয়েছি।

উপাচার্য বলেন, বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। মুজিববর্ষ, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষে এটি এক অনন্য অর্জন। এ অসাধারণ অর্জনের জন্য তিনি প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।